



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 1st
Answer Worksheet - 1
Class - 2

Subject : Bengali Grammar
Topic : ভাষা ও ব্যাকরণ

Date : 13.01.2021

১) শূন্যস্থান পূরণ করো।

ক) পশ্চিমবঙ্গের প্রধান ভাষা বাংলা।

খ) ভাষার সাহায্যেই মানুষ তার মনের ভাব প্রকাশ করে।

গ) যারা অসমে থাকে তাদের ভাষা অসমিয়া।

ঘ) আমরা যে রাজ্যে জন্মগ্রহণ করেছি, সেই রাজ্যের প্রধান ভাষাই হল মাতৃভাষা।

ঙ) মানুষ যে ভাষায় কথা বলে তাকে কথ্য ভাষা বলে।

চ) বরেন্দ্রী হল বাংলা ভাষার একটি উপভাষা।

ছ) লেখার ভাষাকে লেখ্য ভাষা বলে।

জ) প্রত্যেক স্বীকৃত ভাষার একটি করে ব্যাকরণ আছে।

২) সঠিক উত্তরটি বেছে (✓) চিহ্ন দাও।

ক) ভাষা হল — আকার যুক্ত / আকার হীন / আওয়াজ।

খ) বাংলা ভাষার উপভাষা আছে — চারটি / পাঁচটি / ছয়টি।

গ) যারা ওড়িশায় বাস করে তাদের মাতৃভাষা — ওড়িয়া / হিন্দি / বাংলা।

ঘ) আদিম মানুষের ভাষা ছিল — অস্পষ্ট / চিৎকার / ভাষা ছিল না।

ঙ) লেখ্য ভাষার — দুটি / তিনটি / চারটি ভাগ।

৩) নীচের প্রশ্নগুলির উত্তর লেখো।

ক) ভাষা কাকে বলে?

উঃ মানুষের মুখের অর্থপূর্ণ কথাকেই ভাষা বলে।

খ) মানুষ যখন বনে জঙ্গলে থাকত, তখন তারা কীভাবে নিজেদের মধ্যে ভাব বিনিময় করত?

উঃ মানুষ যখন বনে জঙ্গলে থাকত, তখন তারা ইশারা করে এবং এক ধরনের আওয়াজ করে নিজেদের মধ্যে ভাব বিনিময় করত।

গ) উপভাষা কাকে বলে?

উঃ প্রতিটি ভাষা অঞ্চল ভেদে কিছুটা পরিবর্তন হয়ে যায়। একে উপভাষা বলে।

ঘ) ব্যাকরণ কাকে বলে?

উঃ যে বই পড়লে ভাষাকে শুদ্ধভাবে বলতে ও লিখতে পারা যায় তাকে ব্যাকরণ বলে।

ঙ) সাধারণভাবে ভাষাকে কয় ভাগে ভাগ করা হয়?

উঃ সাধারণভাবে ভাষাকে দুই ভাগে ভাগ করা হয়।

চ) ভাষার দুটি ভাগের নাম লেখো।

উঃ ভাষার দুটি ভাগের নাম হল — লেখ্য ভাষা ও কথ্য ভাষা।

ছ) মাতৃভাষা কাকে বলে?

উঃ শিশু মায়ের মুখ থেকে এবং তার পরিবেশ থেকে যে ভাষা শিখে বড়ো হয় তাকেই মাতৃভাষা বলে।